গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে গনতন্ত্র অলিম্পিয়াড অনুষ্ঠিত

সচেতন, সংগঠিত ও সোচ্চার নাগরিকই গণতন্ত্রের রক্ষাকবচ’ স্লোগানকে সামনে রেখে দি হাঙ্গার প্রজেক্টের সহযোগিতায় ও স্থানীয় নাগরিক কমিটির আয়োজনে গাংনীর জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে গনতন্ত্র অলিম্পিয়াড ২০২৩। মঙ্গলবার (২৬ ডিসেম্বর) দিনব্যাপী জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় অডিটোরিয়ামে এই অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়।

স্থানীয় নাগরিক কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হকের সভাপতিত্বে ও কমিটির সাধারণ সম্পাদক সাংবাদিক প্রভাষক রফিকুল আলম বকুলের সঞ্চালনায় অলিম্পিয়াডে অংশগ্রহণ করেন বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় ৩০০ জন শিক্ষার্থী।

তাদের মধ্যে সেরা দশজনকে আকর্ষণীয় পুরষ্কার ও সকল অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠান শুরুতে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা সংগীত, নৃত্য ও বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিবেশন করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন অনুষ্ঠানের বিশেষ অতিথি জাতীয় কন্যা শিশু এডভোকেসী ফোরামের জেলা সভাপতি সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী খোরশেদ আলম, গাংনী মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক মহিবুর রহমান মিন্টু, করমদি ডিগ্রি কলেজের প্রভাষক আবু সায়েম পল্টু, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলি কানন, দি হাঙ্গার প্রজেক্টের যশোর এলাকা সমন্বয়কারী, গিয়াসউদ্দিন, গাংনী এলাকা সমন্বয়কারী হেলালউদ্দীন,ইয়ুথ এন্ডিং হাঙ্গার প্রজেক্টের যশোর অঞ্চলের আঞ্চলিক সমন্বয়কারী ফিরোজ আহমেদ পলাশ,ও সাবেক সমন্বয়কারী রাকিবুক ইসলাম রকি, সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

এছাড়াও উপস্থিত ছিলেন প্রিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) নাগরিক

প্রকল্পের সদস্যরা ও দি হাঙ্গার প্রজেক্টের সহযোগী সংগঠন ইয়ুথ এন্ডিং হাঙ্গারের অর্ধশতাধিক ইয়ুথ লিডার। অনুষ্ঠানে সুচনা হয়েছিল জাতীয় সংগীতের মাধ্যমে। পরবর্তীতে গনতন্ত্র অলিম্পিয়াড এ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সবশেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার, লোগো সম্বলিত গেন্জি ও সার্টিফিকেট বিতরণ করা হয়। সকল শিক্ষার্থীদের নিয়ে মুক্তিযুদ্ধের চেতনায় স্মাট বাংলাদেশ গঠনে যোগ্য, দক্ষ ও যুগোপযোগী নাগরিক হিসেবে গড়ে তুলতে শপথ বাক্য পাঠ করানো হয়। শপথ বাক্য পাঠ পর্ব পরিচালনা করেন প্রভাষক আবু সায়েম পল্টু।

প্রধান অতিথির বক্তব্যে প্রীতম সাহা বলেন, বিজয়ের এই মাসে ও দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন কে সামনে রেখে এ আয়োজনের জন্য এবং নুতন ভোটারকে সচেতন করা সহ বিভিন্ন নাগরিক দায়িত্ব পালন করায় তিনি এ আয়োজনের সাথে সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানান।

তিনি সরকারের বিভিন্ন উন্নয়ন কাজ ও আগামী সংসদ নির্বাচনে সবার অংশগ্রহণ ও স্বতঃস্ফূর্ত এবং উৎসবমুখর পরিবেশে করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি মুক্তিযুদ্ধের বিভিন্ন প্রেক্ষাপট তুলে ধরেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় চার নেতা সহ সকল মুক্তিযোদ্ধাদের ত্যাগ ও অবদানের কথা উল্লেখ করেন। নুতন প্রজন্ম ও নুতন ভোটারদের জন্য এ আয়োজন গুরুত্বপূর্ণ ভুমিকা রাখবে বলে তিনি উল্লেখ করেন।

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুরের কুতুবপুর ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা ও সাবেক এমপি প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়।

আজ সোমবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা তাঁতীলিগের সভাপতি সুবাদ আলী, মেহেরপুর শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আ খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল, মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, কুতুবপুর ইউনিয়ন কৃষকলীগের সভাপতি ও সাবেক ইউপি সদস্য আনারুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি হাজী সাইফুল ইসলাম, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক রায়হান উদ্দিন মন্টু, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি আরিফুল ইসলাম আরিফ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে নৌকার পক্ষে জাতীয় পার্টির একাংশের সমর্থন সভা

মেহেরপুর জেলা জাতীয় পার্টির রওশন এরশাদের নেতা কর্মীরা আগামী ৭ ই জানুয়ারি আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচনে নৌকার প্রার্থী ফরহাদ হোসেনের নির্বাচনী সমর্থন সভার আয়োজন করেছে।

আজ সোমবার (২৫ ডিসেম্বর) রাতে মেহেরপুর শহরের কাথুলী বাসস্ট্যান্ডে এ নির্বাচনী সমর্থন সভার আয়োজন কর হয়।

কেন্দ্রীয় কমিটির সদস্য ও মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক মোঃ মোসলেম আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে সমর্থন সভায়

উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনে নৌকার সংসদ সদস্য প্রার্থী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহিন, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, সদর উপজেলার ভাইস চেয়ারম্যান মোঃ আবুল হাশেম।

এছাড়াও এসময় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির সদস্য সচিব মোঃ আব্দুল রাজ্জাক, জেলা জাতীয় পার্টির নেতা মোঃ সোহরাব হোসেন ও মোঃ ওহাব আলী।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে সহায়ক উপকরণ বিতরণ

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ খাতের আওতায় ৮ জন উপকারভোগীর মাঝে মাংসের জন্য ব্রয়লার টাইপ পেকিন হাঁস পালন প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে।

সংস্থার গাংনী শাখার পিএসকেএস খামার ও প্রশিক্ষণ কেন্দ্রে মাংসের জন্য ব্রয়লার টাইপ পেকিন হাঁস পালন বিষয়ক প্রদর্শনীর এই উপকরণ সমূহ বিতরণ করা হয়। মাংসের জন্য বিখ্যাত ও সুস্বাদু পেকিন জাতের হাঁস পালন খামারী পর্যায়ে ছড়িয়ে দেওয়ার পাশাপাশি দেশের ক্রমবর্ধমান মাংসের চাহিদা পূরণ করা এ প্রদর্শনীর মূল লক্ষ্য।

আজ সোমবার সকালে বিতরণকৃত উপকরণ সমূহের মধ্যে ছিল- ৪০ টি পেকিন হাঁসের বাচ্চা, ৩২ কেজি খাবার সহ সাইনবোর্ড ও রেজিষ্টার খাতা বিতরণ করা হয়। এছাড়া মাচা নির্মাণ বাবদ নগদ টাকা প্রদান করা হয়।এসময় উপকারভোগীদেরকে প্রদর্শনীর লক্ষ্য ও উদ্দেশ্যসহ কিভাবে এর রক্ষণাবেক্ষন করতে হবে সে সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়।

উপকরণ বিতরণের সময় উপস্থিত ছিলেন পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিট ভুক্ত প্রাণিসম্পদ ইউনিটের কর্মকর্তাগন ও সংস্থার অনান্য সদশ্য বৃন্দ।

উক্ত প্রদর্শনী বাস্তবায়নে আর্থিক ভাবে সহোযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মেহেরপুরে ৭০ গ্রাম হেরোইনসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর শহর সংলগ্ন যাদবপুর ব্রীজের কাছে অভিযান চালিয়ে ৭০ গ্রাম হেরোইনসহ দুই নারী মাদক ব্যবসায়ীসহ তিনজনকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

আজ সোমবার বিকাল সোয়া ৪টার দিকে ডিবির পরিদর্শক আমিনুল ইসলামের নেতৃত্বে ডিবির একটি টিম সেখানে অভিযান পরিচালনা করেন। অভিযানে এসআই উত্তম কুমার, এএসআই হেলাল উদ্দিন, এএসআই আবু সেলিম অংশ নেন।

আটকৃতরা হলেন- সদর উপজেলার বাজিতপুর গ্রামের সিরাজুল ইসলামের স্ত্রী জাহানারা খাতুন, আফজার আলীর স্ত্রী তানজিলা এবং শহরের পুরাতন বাসস্ট্যাড পাড়ার ইছার উদ্দিন শেখের ছেলে তাইজুল ইসলাম।

অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস) আহসান খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে ডিবির অভিযানিক দল ঘটনাস্থলে অভিযান পরিচালনা করে। এসময় সীমান্ত এলাকা বাজিতপুর থেকে একটি ইজিবাইকে করে যাত্রীবেশে তারা শহরের আসছিলো। তাদের শরীর তল্লাশি করে তিন জনের কাছে থেকে ৭০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। যার আনুমানিক মূল্য ৭ লাখ টাকা। এঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা হয়েছে।

মেহেরপুরে স্বতন্ত্র প্রার্থী আব্দুল মান্নান ও ডা. অলোক কুমার দাসকে শোকজ

মেহেরপুর-১ আসনের স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান ও মেহেরপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলক কুমার দাস কে শোকজ করেছে জেলা নির্বাচন অনুসন্ধান কমিটি।

গতকাল রবিবার (২৪ ডিসেম্বর) মেহেরপুরের যুগ্ম জেলা ও দায়রা জজ আদালত-২ এর বিচারক এবং নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যান এইচ এম কবির হোসেন জেলা রিটার্নিং কর্মকর্তা ও মেহেরপুরের জেলা প্রশাসক শামীম হাসানের লিখিত অভিযোগের প্রেক্ষিতেএই দুজনের বিপক্ষে পৃথক পৃথক শোকজ নোটিশ ইস্যু করেন।

জেলা নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয়ের সূত্রে জানা গেছে, সম্প্রতি মেহেরপুরের জেলা প্রশাসক ও জেলা রিটার্নিং কর্মকর্তা শামীম হাসান জেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. অলোক কুমার দসকে স্ততন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান মোবাইল ফোনের মাধ্যমে হুমকি দিয়েছেন মর্মে লিখিত অভিযোগ করেন। অভিযোগের ভিত্তিতে প্রাথমিক তদন্ত শেষে ফোনালাপ সংশ্লিষ্ট উভয় পক্ষকে শোকজ করেন এইচ এম কবির হোসেন।

শোকজ নোটিশে প্রফেসর আব্দুল মান্নান কে বলা হয়েছে,’জেলা রিটার্নিং কর্মকর্তার লিখিত অভিযোগে বলে আপনি মেহেরপুর সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার অলক কুমার দাস কে মোবাইল ফোনে হুমকি দিয়েছেন।

আগামী ২৭ ডিসেম্বর (বুধবার) দুপুর ১২ টার সময় স্বশরীরে বা প্রতিনিধির মাধ্যমে নির্বাচন অনুসন্ধান কমিটির কার্যালয় উপস্থিত হয়ে কারণ দর্শানোর নির্দেশ দেয়া হলো । ‘

অপর দিকে ডা. অলোক কুমার দাস কে শোকজ নোটিশে বলা হয়েছে, ‘আপনি প্রকাশিত অডিও ক্লিপের ব্যাপারে এবং বিভিন্ন রাজনৈতিক কার্যক্রমে অংশগ্রহণ সংক্রান্ত অভিযোগের ব্যাখ্যা প্রদান করবেন। এবং আগামী ২৭ ডিসেম্বর বুধবার সকাল দশটায় নির্বাচন অনুসন্ধান কমিটির চেয়ারম্যানের কার্যালয়ে স্বশরীরে হাজির হয়ে সাক্ষ্য প্রদানের

জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো।’

সম্প্রতি সদর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: অলক কুমার দাস ও স্বতন্ত্র প্রার্থী আব্দুল মান্নানের কথোপকথন সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে ভাইরাল হয়।

মেহেরপুরে মুক্তিযোদ্ধাদের উদ্বুদ্ধকরণে মতবিনিময় সভা

মেহেরপুরে মুক্তিযোদ্ধাদের উদ্বুদ্ধকরণে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৫ ডিসেম্বর) দুপুরে দিকে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ মত বিনিময় অনুষ্ঠিত হয়।

বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আব্দুল মালেকের সভাপতিত্ব মতবিনিয়া সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনে স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী বীর মুক্তিযোদ্ধা প্রফেসর আব্দুল মান্নান।

বীর মুক্তিযোদ্ধা জিল্লুর রহমানের সঞ্চালনায় এসময় বীর মুক্তিযোদ্ধা উম্মেদ্দিন, বীর মুক্তিযোদ্ধা মোফাজ্জেল, মুক্তিযোদ্ধা সন্তান আব্দুস সালামসহ অন্যান্য বীর মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের সন্তান উপস্থিত ছিলেন।

মেহেরপুরের শ্যামপুর ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের

পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা ও সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, মেহেরপুর পৌর যুবলীগের যুগ্ন আহবায়ক শহিদুজ্জামান সুইট, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা সহ সহ আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ ও ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে নৌকার পক্ষে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দ্বাদশ সংসদ নির্বাচনে মেহেরপুর-২ (গাংনী) আসনে আওয়ামীলীগ মনোনীত প্রার্থী (নৌকা মার্কা) ডাক্তার এএসএম নাজমুল হক সাগরকে বিজয়ী করতে কর্মী সভা করেছে মেহেরপুর জেলা আওয়ামীলীগ।

কর্মী সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি মোঃ সিরাজুল ইসলাম মাস্টার, অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর ৭৪ গাংনী ২ আসনের নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর।

এছাড়াও উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা হিসাবউদ্দীনসহ মেহেরপুর জেলা আওয়ামী লীগের নেত্রীবৃন্দ, গাংনী উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, গাংনী উপজেলা আওয়ামী লীগের নেত্রীবৃন্দ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষক লীগ, শ্রমিক লীগ, ছাত্র লীগ, মহিলা লীগ সহ গাংনী উপজেলার বিভিন্ন এলাকার নেতাকর্মী কর্মী সভায় যোগ দেন ।

নৌকার ভোট কর্মীরা বিভিন্ন এলাকায় থেকে মোটরসাইকেল ও মাইক্রোবাসে অনুষ্ঠানে উপস্থিত হয়। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক বলেন, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের মেহেরপুর ৭৪ গাংনী ২ আসনে নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর কে বিপুল ভোটে জয়লাভ করে আমরা জননেত্রী শেখ হাসিনা কে এমপি হিসাবে উপহার দিয়ে আবারও দেশ পরিচালনর সুযোগ করে দিবো।

এদিকে নৌকার মনোনীত প্রার্থী ডা. এএসএম নাজমুল হক সাগর বলেন আজকে আপনাদের এই জনসমুদ্র দেখে আমি মুগ্ধ হয়েছি তাই আপনরা আগামী ৭ জানুয়ারিতে সবাই নৌকা মার্কায় ভোট দিয়ে জননেত্রী শেখ হাসিনাকে দেশ পরিচালনা করার সুযোগ করে দিবেন।

আমঝুপি স.প্রা বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক খলিলুর রহমানের মৃত্যু

আমঝুপি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক খলিলুর রহমান(৮০) মৃত্যু বরণ করেছেন।

আজ রবিবার দুপুর ১২ টার সময় বার্ধক্য জনিত নানা জটিলতায় নিজ বাসভবনে ইন্তেকাল করেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ছয় ছেলে রেখে গেছেন।

তিনি গন্ধরাজপুর মসজিদ কমিটির সাবেক সভাপতিও ছিলেন ছিলেন।

খলিলুর রহমানের পরিবার থেকে জানানো হয়েছে আজ রাত সাড়ে নয়টায় গন্ধরাজপুর গোরস্থানের পার্শ্ববর্তী মাঠে জানাজা শেষে তাকে দাফন করা হবে।